

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা- ১০০০।
ফোন : ৫৭১৬৪৩৪১; ফ্যাক্সঃ ৯৫৫১৫৭৮
ই-মেইলঃ cmonitoring@yahoo.com
ce.monitoring@bwdb.gov.bd




স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.০৭.০৩.২০-৪৮১

তারিখঃ ২৪/০৯/২০২০ খ্রিঃ

সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রকল্পসমূহ বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাজ সহজীকরণ এবং স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত “Scheme Information Management System (SIMS)” শীর্ষক ওয়েব-বেজড সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে বাপাউবো’র সকল জোন ও ঢাকাস্থ প্রকল্প ব্যবস্থাপনা দপ্তরসমূহের (বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট ও বিশেষ প্রকল্পসমূহ) কর্মকর্তাদের এতদসংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তৎপরবর্তীতে SIMS সফটওয়্যারে নিয়মিতভাবে তথ্য হালনাগাদ রাখার জন্য অত্র দপ্তর থেকে সার্কুলার জারি করা হয় যেন যে কোন সময় SIMS সফটওয়্যারের হালনাগাদকৃত তথ্য-উপাত্ত দ্বারা মন্ত্রণালয় এবং বোর্ড পর্যায়ে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা এবং সে প্রেক্ষিতে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান সম্ভব হয়। এহেন পরিস্থিতিতে আগামী ২৮/০৯/২০২০ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সভাপতিত্বে তাঁর সভাকক্ষে সকল জোনের প্রধান প্রকৌশলীর সাথে SIMS সফটওয়্যার বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। সদর দপ্তরস্থ কর্মকর্তাগণ মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে উপস্থিত থাকবেন। সকল জোনের প্রধান প্রকৌশলীগণ অনলাইনে Zoom Platform এ সংযুক্ত থাকবেন। Zoom এর মিটিং আইডি ও পাসওয়ার্ড ই-মেইলে জানিয়ে দেয়া হবে।


২৪/০৯/২০২০

(কাজী তোফায়েল হোসেন)
প্রধান প্রকৌশলী (পুর)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১-৩। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব/ পশ্চিম/ পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
- ৪-১২। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ কুমিল্লা/ সিলেট/ চট্টগ্রাম/ রংপুর/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল।
- ১৩। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।
- ১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ১৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। Zoom এর মিটিং আইডি ও পাসওয়ার্ড প্রদান এবং সভার বিজ্ঞপ্তি বাপাউবো’র ওয়েবসাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।
- ১৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।